যুগান্তর

JAN. 12 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১৬ কলাম ... ৪ ...

# ঢাবিতে ভর্তি পরীক্ষা শুরু : ছাত্রদল ও ছাত্রলীগের মিছিল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের পদচারণায় মুখরিত হয়েছিল ক্যাম্পাস। বিভিন্ন ছাত্রসংগঠন নবীন শিক্ষার্থীদের

ঢাবি : পৃষ্ঠা : ১৫ কলাম : ৫

## ঢাবি : পরীক্ষা

(শেষ পৃষ্ঠার পর)

অভিনন্দন জানিয়ে ক্যাম্পাসে মিছিল সমাবেশ করেছে। জাতীয় নির্বাচনের পর ছাত্রলীগও প্রথমবারের মতো ক্যাম্পাসে মিছিল-সমাবেশ করে। তবে কোন অঘটন ঘটেনি। গতকাল ছিল বিজনেস স্টাডিজ অনুসদভুক্ত 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা। মোট ৬৪৪ আসনের বিপরীতে ১৪ হাজার ৯৯৩ জন ভর্তি পরীক্ষায় অংশ নেয়। সকাল ১০টা থেকে এমসিকিউ পদ্ধতিতে ১০০ নম্বরের ঘণ্টাব্যাপী পরীক্ষা শুরু হয়। প্রতিটি প্রশ্নে ৪টির পরিবর্তে ৫টি করে বিকল্প উত্তর থাকায় পরীক্ষার্থীরা অতিরিক্ত দ্বিধা দ্বন্দ্বে ভোগেন। তবে প্রক্সি দেয়া বা অসদাচরণের কোন ঘটনা ঘটেনি। এ সপ্তাহের মধ্যেই পরীক্ষার ফলাফল ঘোষণা করা হবে বলে জানিয়েছেন 'গ' ইউনিটের ডিন অধ্যাপক সৈয়দ আবুল কালাম আজাদ। ক্যাম্পাসে অনুষ্ঠিত মিছিল সমাবেশ থেকে বিভিন্ন ছাত্র সংগঠনের নেতাকর্মীরা লেখাপড়ার পাশাপাশি ক্যাম্পাসে সুষ্ঠু পরিবেশ রক্ষা এবং দেশ গড়ার কাজে আত্মোৎসর্গ করতে নিজনিজ সংগঠনের পতাকাতলে সমবেত হতে নবীন শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। ক্যাম্পাসে মিছিল শেষে অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত ছাত্রদলের সমাবেশে সভাপতিত্ব করেন সংগঠনের বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেন। বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক মোস্তাফিজুল ইসলাম মামুন, হায়দার আলী লেলিন, নুরুল ইসলাম নয়ন, ওমর ফারুক শাফিন, কামরুল ইসলাম, নুরুজ্জামান প্রমুখ। বক্তারা বলেন, 'বিগত সরকার শিক্ষা প্রতিষ্ঠানগুলোর পরিবেশ ধ্বংস করেছে। শিক্ষা প্রতিষ্ঠান থেকে সন্ত্রাস নির্মূল করে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে প্রয়োজনে জীবন দেয়ার জন্যও প্রস্তুত রয়েছে ছাত্রদল।'

ছাত্রলীগ ক্যাম্পাসে মিছিল শেষে ডাকসু ভবনের সামনে সমাবেশ করে। সংগঠনের বিশ্ববিদ্যালয় শাখার ভারপ্রাপ্ত সভাপতি বেগ শাহীন জাহানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক একেএম আজিম, রায়হান হোসেন, হেমায়েত উদ্দিন, পঙ্কজ দেবনাথ, সাগর, ইলিয়াস, রোজী, অপর্ণা প্রমুখ। বক্তারা বলেন, 'ছাত্রদলের দখলদার সন্ত্রাসীরা প্রতিটি হল দখলে রেখে নৈরাজ্যকর পরিবেশ সৃষ্টি করেছে।' তারা অবিলম্বে ক্যাম্পাসে লেখাপড়া ও হলে বৈধ ছাত্রদের অবস্থান নিশ্চিত করতে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান।

কর্মসূচিতে ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি বাহাদুর বেপারী, সহ-সভাপতি বলরাম পোদ্দার, যুগ্ম সম্পাদক লিয়াকত সিকদার, রফিকুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

এছাড়া নবীনদের স্বাগত জানিয়ে ক্যাম্পাসে জাসদ ছাত্রলীগ, ছাত্র ইউনিয়ন, ছাত্রফ্রন্ট, সমাজবাদী ছাত্রজোট মিছিল করেছে।